মেহেরপুরে গৃহবধূর লাশ উদ্ধার,পরিবারের দাবি হত্যা

মেহেরপুরে নাজমা খাতুন (৩৫) নামে এক গৃহবধূর রহস্য জনক মৃত্যুর ঘটনা ঘটেছে । তবে ভুক্তভোগী পরিবারের দাবি স্বামীর পরকিয়া প্রেমের বাধা দেওয়ায় তাকে ফাঁসিতে ঝুঁলিয়ে আত্মাহত্যার নাম দেওয়া হচ্ছে। এঘটনায় অভিযুক্ত স্বামী পলাতক হয়েছে।

আজ মঙ্গলবার (২৮ নভেম্বর) দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের গুচ্ছগ্রামে নাজমা খাতুন তার শশুর বাড়িতে নিজ ঘরের ফ্যানের সাথে ঝুলন্ত অবস্থায় ঝুলে থাকতে দেখে তার শাশুড়ি এলাকাবাসীকে ডাক দেয়।

নাজমা খাতুন নাজির বকশোর মেয়ে। এবং তার স্বামী ফারুক আলী মেহেরপুর সদর উপজেলা বুড়িপোতা ইউনিয়নের গুচ্ছগ্রাম রাজাপুরের লুৎফর আলীর ছেলে।

ঘটনা সূত্রে জানা গেছে, নাজমা খাতুন এর স্বামী ফারুক আলী সাথে দীর্ঘ দিন ধরে তার দন্ড চলছিল। এ দিকে এলাকাবাসীর কাছ থেকে জানা গেছে তার স্বামী একই এলাকার এক নারীর সাথে সম্পর্ক করে। এই নিয়ে তাদের মধ্যে ঝামেলা চলে দীর্ঘ দিন ধরে।

ভুক্তভোগীর মা বলেন,আমরা জামাই আমার মেয়ে কে অনেক অত্যাচার করে এর আগে আমার মেয়ে কে মেরে হাত ভেঙ্গে দিয়েছিল। এবং আমার জামাই এর আগে পরকীয়া করতে গিয়ে ধরা খেয়েছে এই নিয়ে তাদের সংসার ঝামেলা চলে। আজ আমার জামাই আমার মেয়ে কে হত্যা করে পালিয়ে গেছে।

মেহেরপুর সরকারি কলেজে চাঁদা উত্তোলেনের প্রতিবাদ করায়



ভারপ্রাপ্ত অধ্যক্ষকে অপমান ও চেয়ার ভাংচুর

মেহেরপুর সরকারি কলেজের নাম ভাঙিয়ে চাঁদাবাজির প্রতিবাদ করায় ভারপ্রাপ্ত অধ্যক্ষের সাথে খারাপ আচরণ ও আসবাবপত্র ভাংচুরের অভিযোগ উঠেছে কয়েকজন ছাত্রলীগ নেতার বিরুদ্ধে।আজ মঙ্গলবার দুপুর ১২ টার দিকে মেহেরপুর সরকারি কলেজে এ ঘটনা ঘটে।

জানা গেছে, দুপুর ১২ টার দিকে কলেজের পুরাতন ভবনের দ্বিতীয় তলায় একাদশ শ্রেণীর সমাজবিজ্ঞান ক্লাস নিচ্ছিলেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ও সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন। ক্লাস চলাকালীন কলেজ শাখা ছাত্রলীগের যুগ্ম সম্পাদক ইমরান মাহমুদ অনিক, প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক রাশেদ আলীর নেতৃত্বে ৫/৬ জন নেতাকর্মী পিকনিক ও সাংস্কৃতিক অনুষ্ঠান নাম করে রশিদ ছাপিয়ে শিক্ষার্থীদের কাছে জন প্রতি ২৫০টাকা চাঁদা দাবি করে। এসময় ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবদুল্লাহ আল আমিন ধুমকেতু তাদের প্রতিবাদ করে এবং চাঁদার রশিদ জব্দ করে প্রশাসনিক ভবনে নিয়ে যান। এসময় ছাত্রলীগ নেতাকর্মীরা ভারপ্রাপ্ত অধ্যক্ষর সাথে তারা খারাপ আচরণ করে রশিদ বই ছিনিয়ে নিয়ে যায় এবং বের হয়ে যাওয়ার সময় দুটি চেয়ার ভাংচুর করেন। পরে তারা কলেজের মূল ফটকে তালা মারতে গেলে কলেজের শিক্ষক- কর্মচারীরা সেখানে গেলে তালা না দিয়ে পালিয়ে যায়।

চাঁদা আদায়ের রশিদে লেখা রয়েছে, মেহেরপুর সরকারি কলেজের আয়োজনে পিকনিক ও সাংস্কৃতি অনুষ্ঠান। সেখানে কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন আহমেদ, যুগ্ম সম্পাদক ইমরান মাহমুদ অনিক, প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক রাশেদ আলীর নাম লেখা রয়েছে। তবে ছাত্রলীগের নাম লেখা না থাকলেও পদ ও নাম লেখা রয়েছে। এর মধ্যে কুতুবউদ্দিন আহমেদ বর্তমানের কলেজে ছাত্র না।

নাম প্রকাশে অনিচ্ছিক ছাত্র-ছাত্রীরা বলেন, ছাত্রলীগের নেতারা হুমকি ধামকি পিকনিকের চাঁদা দিতে বাধ্য করাচ্ছে। চাঁদা দিতে অস্বীকৃতি কলেজে আসতে দেওয়া হবে না বলে হুমকি দিচ্ছে।

এ বিষয়ে কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন আহমেদ বলেন, আমি ছিলাম না, ঢাকা থেকে মেহেরপুরে ফিরছি। তারা পিকনিকের বিষয়ে স্যারদের অবহিত করতে গেছিলো। এসময় আব্দুল্লাহ আল আমিন স্যার তাদের কাছে থেকে টাকা কেড়ে নিয়েছে বলে অভিযোগ করেন। তবে কিসের টাকা প্রশ্ন করা হলে তিনি বলেন, আগের উত্তোলন করা টাকা। তবে টাকার পরিমান জানাতে পারেননি।

মেহেরপুর সরকারি কলেজে ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবদুল্লাহ আল আমিন বলেন, পিকনিক ও সাংস্কৃতিক অনুষ্ঠানের কোন অনুমতি কাউকে দেওয়া হয়নি। তাই কলেজের নাম ব্যবহার করে চাঁদা উত্তোলন করা যাবে না। ক্লাসে গিয়ে চাঁদা চাওয়ায় আমি রশিদ বই জব্দ করি। তারা কলেজের প্রিন্সিপালের টেবিল থেকে থাবা দিয়ে রশিদ বই ছিনিয়ে নিয়ে গেছে। গত সোমবারও তারা আরেক শিক্ষককে এ নিয়ে অপমান করেছে। কুতুবউদ্দিন আহমেদ বর্তমানের কলেজের ছাত্র নয়।

তিনি আরও বলেন, জাতীয় নির্বাচনের তপসিল ঘোষনার কারণে কলেজে কোন অনুষ্ঠান করা বিধি সম্মত নয়। ছাত্র-ছাত্রীদের কাউকে কোন চাঁদা না দেওয়ার জন্য আহবান জানাচ্ছি।

মেহেরপুরে জাতীয় পার্টি প্রার্থীর মনোনয়ন ফরম উত্তোলন

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নাঙ্গল প্রতীক নিয়ে নির্বাচন করার জন্য মেহেরপুর ১ আসন থেকে মনোনয়ন ফরম উত্তোলন করেছেন জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদ।

মঙ্গলবার (২৮ নভেম্বর) দুপুর একটার দিকে মেহেরপুর ১ আসনের জন্য

মনোনয়ন ফরম সংগ্রহ করেন আব্দুল হামিদ।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার মো. ওয়ালিউল্লাহ এর নিকট থেকে তিনি এ মনোনয়ন ফরম সংগ্রহ করেন।

এসময় জেলা জাতীয় পার্টির সভাপতি আব্দুল হামিদ বলেন, বাংলাদেশ আজকে বৈষম্যের মধ্যে বাস করছে। বাংলাদেশের ১৬ কোটি মানুষকে যদি আমরা বাঁচাতে চাই তাহলে মেহেরপুরবাসীকে জাতীয় পার্টির আশ্রয় নিতে হবে। শান্তিপূর্ণভাবে বসবাস করার জন্য নাঙ্গলের বিকল্প নেই।

জেলা জাতীয় পার্টির সাধারণ সম্পাদক আব্দুল হাদী বলেন, মেহেরপুর ১ আসনে জাতীয় পার্টির হাতকে শক্তিশালী করে এই আসনটা আমরা জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের স্যারকে উপহার দিতে চাই।

এসময় জেলা জাতীয় পার্টি সহ-সভাপতি আব্দুল মান্নান ও হামিদুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সহকারি সাধারণ সম্পাদক সুমন পারভেজ, প্রচার সম্পাদক মামলত হোসেন, মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য সরওয়ার হোসেন সহ মেহেরপুর জেলা পার্টি বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ভাইয়ের হাতে ভাই জখম

মেহেরপুরে জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে আপন দুই ভাইয়ের দায়ের কোপে বড় ভাই জখম।

গতকাল রবিবার (২৬ নভেম্বর) বিকেল সাড়ে তিনটার দিকে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের টোঙ্গি মাঝপাড়ায় এ ঘটনা ঘটে। আহত ৬০ বছর বয়সী মোঃ রিহান পিরোজপুর ইউনিয়নের টোঙ্গি গ্রামের মৃত দাউদ এর ছেলে।

পারিবারের লোকজন জানান,সম্পত্তির কারণে এ হামলার ঘটনা ঘটেছে।

তারা বলেন,আহত রিহানের কোনো ছেলে নেই কিন্তু তার আপন ভাই মদুর একটা ছেলে আছে (বিপ্লব) ও তার সাথে গুলাম মিলে জমিজমা গুলা সম্পূর্ণ নেওয়ার জন্য ওকে এইভাবে মারাধরা করছে।

আরো বলেন,গমের বীজ নিয়ে মোটরসাইকেল করে আসার সময় মোটরসাইকেলের উপর থেকেই মাথায় কোপ মারে রিহানের। মোটরসাইকেল থেকে পরে গেলে মদু,বিপ্লব আর গুলাম মিলে মারধর শুরু করে কাছে থাকা ৭৫ হাজার টাকা,মোবাইল আর মোটরসাইকেল ছিনতাই করে নিয়ে যায়।
আহত রিহান বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

মেহেরপুরে আনসার-ভিডিপির অস্ত্রসহ মৌলিক প্রশিক্ষণের শুভ উদ্বোধন

মেহেরপুরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর আয়োজনে জেলাভিত্তিক ২১ দিন মেয়াদি অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (পুরুষ-৬ষ্ঠ ধাপ) এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৭ নভেম্বর) সকাল ১১ টার সময় জেলা কার্যালয়ের প্রশিক্ষণ শ্রেণিকক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা প্রশিক্ষক (টিআই) মানিক মিয়ার সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত ।

এসময় প্রধান অতিথি বক্তব্যে তিনি বলেন, “জননিরাপত্তায় এ বাহিনীর অবদান অত্যন্ত গুরুত্ববহ ও সমাজ স্বীকৃত। উক্ত প্রশিক্ষণ গ্রহণ দ্বারা জননিরাপত্তামূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত এবং সুশাসন প্রতিষ্ঠায় সামাজিক সচেতনতা বৃদ্ধির প্রভূত ক্ষেত্র তৈরি হবে। সেখানে নিজেদেরকে যোগ্য হিসেবে গড়ে তুলে বাহিনীর সুনাম বৃদ্ধির পাশাপাশি নিজেকে দক্ষ জনসম্পদে পরিণত করে রাষ্ট্রের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং সকল প্রশিক্ষণার্থীকে সুন্দর ও সুষ্ঠুভাবে প্রশিক্ষণ সম্পন্ন করতে আহবান জানান।

এ ছাড়াও কোর্স অ্যাডজুট্যান্ট গাংনী উপজেলা আনসার ও ভিডিপি

কর্মকর্তা সাইদুর রহমান, প্রশিক্ষণ কর্মকর্তা মুজিবনগর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, সার্কেল অ্যাডজুটান্ট মোঃ আল-মামুন, সদর টিআই সাগর আহমেদ ও অন্যান্য প্রশিক্ষকগণ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বিশ্ব এন্টিমাইক্রোবিয়াল সচেতনতা সপ্তাহ উদযাপনে অবহিতকরণ সভা

মুজিবনগরে বিশ্ব এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স সচেতনতা সপ্তাহ উদযাপনে অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার সময় এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স কন্টেইনমেন্ট, ভাইরাল হেপাটাইটিস ও ডায়রিয়া নিয়ন্ত্রণ কর্মসূচী রোগ নিয়ন্ত্রণ বিভাগ, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর আয়োজনে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডঃ আসাদুজ্জামান এর অফিস কক্ষে এই অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

অবহিতকরণ সভায় ডাক্তার আসাদুজ্জামানের সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডঃ তৌফিক আহমেদ,ডা: আবু সাঈদ, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারি প্রকৌশলী বাদশা বুলবুল, সাংবাদিক শেখ শফিউদ্দিন, সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর নার্সেস সুপারভাইজার সুশীলা মন্ডল, পাপিয়া খাতুন,সিনিয়র স্টাফ নার্স শাম্মী আক্তার ও রুপালী মন্ডল।

অবহিতকরণ সভায় এন্টিবায়োটিক ব্যবহারে সচেতন হওয়া এবং এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধে করণীয় সম্পর্কে আলোচনা করেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: আসাদুজ্জামান, আবাসিক মেডিকেল অফিসার ডা: তৌফিক আহমেদ উপজেলা সংক্রমণ রোগ নিয়ন্ত্রণ বিভাগের প্রধান ডা: আবু সাঈদ

এ সময় এন্টিবায়োটিক ব্যবহারে সচেতন হওয়া, সকলের সহযোগিতার মাধ্যমে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধ, প্রতিকার অপেক্ষা প্রতিরোধ উত্তম, এন্টিবায়োটিক রেজিস্ট্যান্স প্রতিরোধে সকলেই অংশীদার,এন্টিবায়োটিক রেজিস্ট্যান্স এর ক্ষতিকর প্রভাব,এন্টিবায়োটিক রেজিস্ট্যান্ট জীবাণু তৈরির কারণ।

এ্যান্টবায়োটিক ও এন্টিমাইক্রোবিয়াল এন্টিবায়োটিক সম্পর্কে আলোকচকরা বলেন, এ্যান্টবায়োটিক ও এন্টিমাইক্রোবিয়াল এন্টিবায়োটিকঃ এক প্রকার অণুজীব থেকে উৎপন্ন হয়ে অন্য প্রকার অণুজীবের মৃত্যু ঘটায় বা বৃদ্ধি বন্ধ করে। ব্যাকটেরিয়ার বেলায় এর ব্যবহার হয়।

এন্টিমাইক্রোবিয়ালঃসকল প্রকার রোগ জীবাণু যথা- ব্যাকটেরিয়া, ভাইরাস, ফাংগাস এবং এক কোষী প্রোটোজোয়া (আমাশয়ের জীবাণু, ম্যালেরিয়া ও কালাজ্বরের পরজীবী) এর বিরুদ্ধে ব্যবহৃত ঔষধ।

এন্টিবায়োটিক ব্যবহারে সচেতন হওয়া এবং সকলের সহযোগিতার মাধ্যমে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধ করা সম্ভব।

মুজিবনগরে পেঁয়াজের বীজ উৎপাদনের লক্ষ্যে উপকরণ বিতরণ

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি পিএসকেএসের উদ্দ্যোগে মুজিবনগরে পেঁয়াজের বীজ উৎপাদনের লক্ষ্যে উপকরণ বিতরণ অনুষ্টান অনুষ্ঠিত হয়েছে।

আাজ সোমবার (২৭ নভেম্বর) পিএসকেএসের মুজিবনগর শাখা সংস্থার সমন্বিত কৃষি ইউনিট ও কৃষি খাতের আওতায়, পেঁয়াজ বীজ উৎপাদন ও পেঁয়াজ চাষ সম্প্রসারণ প্রদর্শনীর আওতায় ১০ জন উপকারভোগীর মাঝে উপকরণ বিতরণ করা হয়।

এ সময় পেঁয়াজ বাল্ব ৫০০ কেজি, ইউরিয়া সার ৫০০ কেজি, ডিএপি সার ৫০০ কেজি, এমওপি সার ৫০০ কেজি, ও প্রয়োজনীয় বালাইনাশকসহ

সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন মুজিবনগর শাখার শাখা ব্যবস্থাপক এবং শাখার কর্মকর্তা ও কর্মচারীসহ সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগন।

মেহেরপুরে নির্বাচনের প্রস্তুতি শুরু,ফরহাদ হোসেনের মনোনয়ন ফরম সংগ্রহ

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নৌকা প্রতীক নিয়ে নির্বাচন করার জন্য মেহেরপুর ১ আসন থেকে মনোনয়ন পেয়েছেন ফরহাদ হোসেন।

সোমবার (২৭ নভেম্বর) বেলা সাড়ে বারোটার দিকে ফরহাদ হোসেনের পক্ষে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস মেহেরপুর ১ আসনের জন্য মনোনয়ন ফরম সংগ্রহ করেছেন।

মেহেরপুর জেলা প্রশাসক ও দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা মোঃ শামীম হাসানের কার্যালয় থেকে এই মনোনয়ন ফরম সংগ্রহ করেন।

এসময় ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন আহামেদ চুন্নু,মোঃ শাহ্ জামান,মোঃ সেলিম রেজা, রওশন আলী টোকন,মোঃ আয়ুব হোসেন, মতিউর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

ফরম সংগ্রহের আগে আব্দুস সামাদ বাবলু বিশ্বাস বলেন,আমরা মেহেরপুর ১ আসন বিশাল ভোটের ব্যবধানে প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে পরাজিত করে মেহেরপুর ১ আসন প্রধান মন্ত্রী শেখ হাসিনাকে উপহার দেবো।

ইউপি চেয়ারম্যান মোঃ শাহ্ জামান বলেন,১১ টি ইউনিয়নের চেয়ারম্যান, প্রতিটি ওয়ার্ডের সভাপতি, সাধারণ সম্পাদক ফরহাদ হোসেনের পক্ষে। আমি মনে করি কোনো প্রতিদ্বন্দ্বিতার প্রশ্নই

আসে না বিশাল ভোটের ব্যবধানে মেহেরপুর ১ আসন প্রধান মন্ত্রী শেখ হাসিনাকে আমরা উপহার দেবো।

মেহেরপুরে তিন সরকারি কর্মচারীর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা

মেহেরপুরে সরকারি চাকরি দেওয়ার নামে লাখ লাখ টাকা হাতিয়ে নেওয়া সংঘবদ্ধ প্রতারক চক্রের হোতাসহ তিনজনের নামে মামলা করেছেন আব্দুল খালেক (৩৫) নামের এক ভুক্তভোগী।

গত বৃহস্পতিবার মেহেরপুরের জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালতের বিচারক মামলাটি আমলে নিয়ে তিন প্রতারকের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন।

ফরজ আলী মেহেরপুর সদর উপজেলা বন বিভাগের মালি হিসেবে, আরজ আলী মুজিবনগর বন বিভাগের মালি হিসেবে এবং লাইলী খাতুন মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসে সিএইচসিপি পদে কর্মরত আছে।

মামলার বিবরণ থেকে জানা যায়, মো: ফরজ আলী (৫০) ও মো: আরজ আলী নামের দুই সহদার এবং ফরজ আলীর স্ত্রী লাইলী খাতুন মামলার বাদী আব্দুল খালেককে প্রানিসম্পদ মন্ত্রণালয়ে তৃতীয় শ্রেণীর চাকুরী দেওয়ার কথা বলে সাড়ে তিন লক্ষ টাকা দাবী করলে বাদী ২০১৯ সালের ১৭ অক্টোবর প্রতারক চক্র কে সাড়ে তিন লক্ষ টাকা প্রদান করে।

পরবর্তীতে আসামিগণ প্রাণিসম্পদ মন্ত্রণালয় পরিবর্তে আল-আরাফাত সার্ভিসেস (প্রাঃ) লিমিটেড কোম্পানির আদমশুমারীর ‘ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর’ এর একটি ভুয়া নিয়োগ পত্র দেয়। এখন তারা বলে আপাতত কিছুদিন এই প্রতিষ্ঠানে চাকরি করলে পরবর্তীতে সরকারি চাকরির ব্যবস্থা করা হবে। তাদের কথামতো বাদী নিয়োগপত্র নিয়ে উক্ত প্রতিষ্ঠানে গেলে প্রতিষ্ঠান থেকে জানানো হয় নিয়োগ পত্রটি

ভুয়া ও জাল। বাদী আবারও আসামিদের কাছে গেলে আসামীরা টাকা ফেরত না দিয়ে বিভিন্ন তালবাহানা করতে থাকে।

২০২২ সালের ১৩ এপ্রিল ভুক্তভোগী বাদী প্রতারকদের বিরুদ্ধে বাগোয়ান ইউনিয়ন পরিষদে অভিযোগ করেন। বাদীর অভিযোগের ভিত্তিতে ইউপি চেয়ারম্যান বিবাদীদের গ্রাম আদালতে শুনানির জন্য ২০২২ সালের ১০,২৪ ও ৩১ মে তারিখে তিন দফা নোটিশ করলেও বিবাদী প্রতারক চক্র গ্রাম আদালতের অবমাননা করে শুনানিতে হাজির হয়নি।

অতঃপর বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আইয়ুব হোসেন বাঁদিকে একটি প্রত্যয়ন পত্র দিয়ে আদালতে মামলা করার পরামর্শ দেন। সেই মোতাবেক গত ২৩ নভেম্বর আব্দুল খালেক জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত মেহেরপুরে মামলার আবেদন করলে আদালতের বিচারক মামলাটি গ্রহণ করে রবিবার ২৬ নভেম্বর তারিখে আসামিদের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির নির্দেশ দেন।

এ তিন আসামি চাকরি দেওয়ার নাম করে একটি প্রতারণা চক্র তৈরি করেছেন। মেহেরপুরের অনেকের কাছে থেকে এভাবে চাকরি দেওয়ার নাম করে লক্ষ লক্ষ টাকা নিয়েছেন বলে অভিযোগ রয়েছে।

মেহেরপুর-১ আ.লীগের প্রার্থী ফরহাদ হোসেন, মেহেরপুর-২ এ নাজমুল হক সাগর

মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনে ৩য় বারেরমত আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন বর্তমান সাংসদ ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এবং মেহেরপুর-২ (গাংনী) আসনে নতুন মুখ হিসেবে মনোনয়ন পেয়েছেন এ এস এম নাজমুল হক সাগর।

রবিবার বিকালে বাংলাদেশ আওয়ামী লীগের ধানমণ্ডিস্থ কার্যালয়ে দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের মনোনয়ন তালিকা প্রকাশের সময় এ দুটি আসনে তাদের নাম ঘোষণা করেন।

ফরহাদ হোসেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি এবং এ এস এম নাজমুল হক সাগর জেলা আওয়ামী লীগের স্বাস্থ্য বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করছেন।

মেহেরপুর-১ আসনে মনোনয়ন সংগ্রহ করেছিলেন ১৪ জন এবং মেহেরপুর-২ আসনে ১৫ জন মনোনয়ন পত্র সংগ্রহ করেছিলেন।